দৈনিক ইত্তেফাক

তারিখ 03 JAN 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

# শিক্ষা ও সামাজিক আন্দোলন

পহেলা জানুয়ারী হইতে দেশের সকল শিক্ষা-প্রতিষ্ঠানে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করা হইয়াছে। এক উচ্চ পর্যায়ের বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এই ব্যবস্থা চালু করা হয়। এখন হইতে প্রাথমিক শিক্ষার জন্য শিক্ষার্থীদের বেতন দিতে হইবে না। উল্লেখ্য যে, গত বছর ১লা জানুয়ারী ৬৪টি জেলার ৬৮টি থানায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করা হয়। বৈঠক এক বছরের কাজ-কর্ম পরীক্ষা-নিরীক্ষা করিয়া সন্তোষ প্রকাশ করে। আগামী দিনগুলিতে এই কাজ-কর্ম অধিক সুষ্ঠু ও সুন্দর হইবে বলিয়া আশা করা হয়।

ব্যক্তি, পরিবার তথা জাতীয় জীবন বিনির্মাণে শিক্ষার গুরুত্ব নূতন করিয়া ব্যাখ্যা করার কিছু নাই। বিশ্বের উন্নত জাতিমাত্রেরই শিক্ষার হার অধিক। কোন দেশে শতকরা নব্বই, কোন দেশে পঁচানব্বই আবার কোন দেশে শতকরা একশত ভাগ। দুর্ভাগ্যক্রমে আমাদের দেশে শিক্ষিতের হার শতকরা ত্রিশজনের বেশী নয়। ফলে জীবনের নানাক্ষেত্রে বন্ধ্যাত্ব ও কু-সংস্কার পালঙ্ক পাতিয়া আছে। শত চেষ্টা করিয়াও দারিদ্র্যমুক্ত মর্যাদাশীল জাতির মহিমায় ধন্য হওয়া সম্ভব হইতেছে না।

অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু দেশের শিক্ষাক্ষেত্রে অনুকূল পরিবেশ সৃষ্টি করিবে; সন্দেহ নাই। তবে ইহাতেই সকল বাধা দূর হইয়া যাইবে তাহাও মনে করা অর্থহীন। খাজনা মওকুফ করিয়া সেস্ চালু করা হইলে অর্থনৈতিক চাপ লঘু হয় না। এক হাতে প্রদত্ত সুযোগ অন্য হাতে কাড়িয়া লওয়া হয়। আলোচ্য ক্ষেত্রে বিষয়টি মনে রাখা একান্ত বাঞ্ছনীয়।

সাথে সাথে ইহাও বিবেচ্য যে, বেতনের বোঝার চাইতে বই-পত্রের বোঝা কম ভারী নয়। কাগজ এবং ছাপার অন্যান্য খরচসহ মুনাফার লোভ বই-পত্রের উচ্চমূল্যের হেতু। একশত পৃষ্ঠার নিউজপ্রিন্টে ছাপা একখানা বইয়ের দাম এখন পঞ্চাশ টাকা; কাগজ-কালিও তদ্রূপ। বিগত আমলে বিনামূল্যে প্রাথমিক পর্যায়ের শিক্ষার জন্য কিছু বই সরবরাহ করার একটি মহৎ উদ্যোগ নেওয়া হইয়াছিল। শেষ পর্যন্ত এই উদ্যোগ রক্ষা করা সম্ভব হয় নাই। আর্থিক কারণে বর্তমানে যদি সেই ধরনের ব্যবস্থা নেওয়া সম্ভব না হয়—তাহা হইলে বই-পত্রের দাম যাহাতে সুলভ থাকে তাহা দেখিতে হইবে। এক সময় উঁচু শ্রেণীর বড় ভাই-বোনের বই নীচু ক্লাস হইতে উপরে উঠার পর ছোট ভাই-বোন পড়িতে পারিত। বহু অভিভাবক পুরাতন বই কিনিয়া ছেলে-মেয়ে পড়াইবার ব্যবস্থা করিতে পারিতেন। ইহার আর্থিক একটি সাশ্রয়ের দিক ছিল। এই দিকটিও ভাবিয়া দেখা যাইতে পারে।